The New Nation
Independent Daily
Dhaka, Saturday, August 12, 2017

Dr. M Ehsanur Rahman, Executive Director of Dhaka Ahsania Mission and Secretary General of DAM Foundation for Economic Development, presiding over the inaugural ceremony of the two agent outlets of Bank Asia at Khajura Bazar in Jessore recently. Deputy Managing Director Jahirul Alam and Md Ahsanul Alam, Vice President of the bank were present among others.

Bank Asia is going to provide agent banking services by establishing two agent outlets in Jessore's Khajurah Bazar and Kayemkola Market through DAM Foundation for Economic Development (DFED), an institution of Dhaka Ahsania Mission (DAM). Photo: Courtesy

Two agent outlets of Bank Asia inaugurated

To provide banking services at grassroots level in Bangladesh, commercial banks are implementing agent banking activities. In continuation of this, Bank Asia is going to provide agent banking services by establishing two agent outlets in Jessore's Khajurah Bazar and Kayemkola Market through DAM Foundation for Economic Development (DFED), an institution of Dhaka Ahsania Mission (DAM). The inauguration ceremony of the programme was organized in Jessore Khajuraj Bazar today 6th August, says a press release.

The guest of honor of the ceremony was Kazi Rafiql Alam, President of Dhaka Ahsania Mission and DFED Chairperson. Deputy Managing Director of Bank Asia Jahirul Alam and Md. Ahsanul Alam, Vice President of Bank Asia, Agent Banking Division were present as special guests. Dr. M. Ehsanur Rahman, Executive Director of Dhaka Ahsania Mission and Secretary General of the DFED presided over the ceremony.

The welcome address was delivered by head of DFED Md. Asaduzzaman.

The agent outlets will provide services such as opening of customer accounts using biometric system, accepting cash deposits and withdrawal, accepting bills, payment of foreign remittance, fund transfer and DPS.

Senior officials of DFED and Bank Asia, chairman of the local union council and local dignitaries were present on the occasion among others.

দৈনিক ইত্তেফাক
সোমবার, ২৩ শ্রাবণ ১৪২৪
৭ আগস্ট ২০১৭

ওয়েস্টার্ন ইউনিয়নে পাঠানো রেমিট্যান্স তোলা যাবে ব্যাংক এশিয়ার এজেন্ট পয়েন্টে

■ ইত্তেফাক রিপোর্ট

যে কোন দেশ থেকে থেকে ওয়েস্টার্ন ইউনিয়নের মাধ্যমে পাঠানো অর্থ সরাসরি সুবিধাভোগীর কাছে পৌঁছে দেবে ব্যাংক এশিয়ার এজেন্টরা। বাড়তি কোনো চার্জ ছাড়াই ব্যাংক এশিয়ার গ্রাহকরা প্রত্যন্ত অঞ্চলের এজেন্ট পয়েন্ট থেকে তাৎক্ষণিকভাবে অর্থ তোলার সুযোগ পাবেন। এ লক্ষ্যে গতকাল রবিবার দুই প্রতিষ্ঠানের মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

রাজধানীর ওয়েস্টিন হোটেলে আয়োজিত এক অনুষ্ঠানে ব্যাংক এশিয়ার প্রেসিডেন্ট ও এমডি মো. আরফান আলী এবং ওয়েস্টার্ন ইউনিয়নের ব্যবস্থাপনা পরিচালক সোহীনি রাজোলা চুক্তিতে সই করেন। অনুষ্ঠানে ওয়েস্টার্ন ইউনিয়নের সিনিয়র কাউন্সিলর এবং মধ্যপ্রাচ্য, আফ্রিকা, দক্ষিণ ও দক্ষিণ পূর্ব এশিয়া অঞ্চলের ভাইস প্রেসিডেন্ট মঞ্জু রায়, বাংলাদেশের সিনিয়র কান্ট্রি ম্যানেজার নাভেদ আশরাফ, ব্যাংক এশিয়ার সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট জুনায়েদ মাশরুর ও জিয়াউল হাসানসহ উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতনরা উপস্থিত ছিলেন।

এদিকে ঢাকা আহ্‌ছানিয়া মিশনের একটি প্রতিষ্ঠান ডাম ফাউন্ডেশন ফর ইকোনমিক ডেভেলপমেন্ট (ডিএফইডি)'র মাধ্যমে ব্যাংক এশিয়া ব্যাংকিংয়ের আধুনিক প্রযুক্তি ও সব সুবিধা নিয়ে যশোরের খাজুরা বাজার এবং কায়েমকোলা বাজারে দু'টি এজেন্ট আউটলেট স্থাপনের মাধ্যমে এজেন্ট ব্যাংকিং সেবা দেবে। এ উপলক্ষ্যে গতকাল যশোরে খাজুরা বাজার শিবের মোড়ে আয়োজিত অনুষ্ঠানে ঢাকা আহ্‌ছানিয়া মিশনের প্রেসিডেন্ট এবং ডিএফইডি-এর চেয়ারপার্সন কাজী রফিকুল আলম উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি ছিলেন ব্যাংক এশিয়ার ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর মো. জহিরুল আলম।

শুক্রবার। ১১ আগস্ট ২০১৭। ২৭ শ্রাবণ ১৪২৪ **কালের কণ্ঠ**

ডিএফইডির মাধ্যমে ব্যাংক এশিয়ার এজেন্ট ব্যাংকিং আউটলেট উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক ▷

তৃণমূল পর্যায়ে ব্যাংকিং সেবা পৌঁছে দিতে বাণিজ্যিক ব্যাংকগুলো দীর্ঘদিন ধরে এজেন্ট ব্যাংকিং কার্যক্রম বাস্তবায়ন করছে। এরই ধারাবাহিকতায় ঢাকা আহ্ছানিয়া মিশনের প্রতিষ্ঠান ডাম ফাউন্ডেশন ফর ইকোনমিক ডেভেলপমেন্টের (ডিএফইডি) মাধ্যমে যশোরের খাজুরা বাজার এবং কায়েমকোলায় ব্যাংক এশিয়ার দুটি এজেন্ট আউটলেট স্থাপন করা হয়।

রবিবার যশোরে খাজুরা বাজার শিবের মোড়ে এ কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঢাকা আহ্ছানিয়া মিশনের প্রেসিডেন্ট এবং ডিএফইডির চেয়ারপারসন কাজী রফিকুল আলম, ব্যাংক এশিয়ার ডিএমডি মো. জহিরুল আলমসহ অন্যরা।

আলোকিত বাংলাদেশ
www.alokitobangladesh.com
রেজিঃ নং-ডিএ ৬১৯৮ ■ বর্ষ ৭ সংখ্যা ৩৩০
২৩ শ্রাবণ ১৪২৪ ■ ১৩ জিলকদ ১৪৩৮ হিজরি
৭ আগস্ট ২০১৭

ব্যাংকিংসেবা এখন জনগণের দোরগোড়ায়
–কাজী রফিকুল আলম

● যশোর সংবাদদাতা

ঢাকা আহ্ছানিয়া মিশনের প্রেসিডেন্ট ও ডিএফইডির চেয়ারপারসন কাজী রফিকুল আলম বলেন, দিন পাল্টে গেছে। আমরা যখন ছোট ছিলাম তখন এত সুবিধা ছিল না। এখন দিনবদলের কারণে ব্যাংকিংসহ সব ধরনের সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছেছে। পাল্টে যাচ্ছে মানুষের জীবনযাপন। রোববার যশোরের খাজুরা বাজারে ব্যাংক এশিয়ার এজেন্ট ব্যাংকিং আউটলেট উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

দেশের তৃণমূল পর্যায়ে ব্যাংকিংসেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে বাণিজ্যিক ব্যাংকগুলো এজেন্ট ব্যাংকিং কার্যক্রম বাস্তবায়ন করছে। এরই ধারাবাহিকতায় রোববার যশোরের খাজুরা বাজারের শিবের মোড়ে ঢাকা আহ্ছানিয়া মিশনের প্রতিষ্ঠান ডাম ফাউন্ডেশন ফর ইকোনমিক ডেভেলপমেন্টের (ডিএফইডি) মাধ্যমে ব্যাংক এশিয়ার এজেন্ট ব্যাংকিং আউটলেট উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে এ আউটলেট থেকে আধুনিক প্রযুক্তি ও সব ধরনের সুবিধা দেয়ার প্রত্যয় ব্যক্ত করেন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তারা। এ দিন খাজুরা বাজার থেকে একই জেলার কায়েমকোলা বাজারে ব্যাংক এশিয়ার আরও একটি এজেন্ট আউটলেট উদ্বোধন করা হয় বলে আহ্ছানিয়া মিশনের সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়। অনুষ্ঠানে গেস্ট অব অনার ছিলেন কাজী রফিকুল আলম। তিনি আরও বলেন, ব্যাংক এশিয়ার এরপর পৃষ্ঠা ১১ কলাম ৩

যশোরের খাজুরা বাজারে রোববার ব্যাংক এশিয়ার এজেন্ট ব্যাংকিং আউটলেট উদ্বোধনী অনুষ্ঠানে অতিথিরা ● আলোকিত বাংলাদেশ

ব্যাংকিংসেবা এখন

● শেষ পৃষ্ঠার পর

এজেন্ট ব্যাংকিং আউটলেট উদ্বোধনের মাধ্যমে মানুষ আরও বেশি সেবা পাবে ও উপকৃত হবে। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ব্যাংক এশিয়ার ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর জহিরুল আলম। ব্যাংক এশিয়ার এ এজেন্ট আউটলেটে বায়োমেট্রিক পদ্ধতিতে গ্রাহকের হিসাব খোলা, নগদ জমা গ্রহণ ও প্রদান, বিল গ্রহণ, বৈদেশিক রেমিট্যান্সের অর্থ প্রদান, ফান্ড ট্রান্সফারসহ নানা সুবিধা থাকবে। এখান থেকে ক্ষুদ্র ও মাঝারি ঋণ, ভোক্তা ও কৃষিঋণ প্রদান করা হবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ব্যাংক এশিয়ার ভাইস প্রেসিডেন্ট (এজেন্ট ব্যাংকিং ডিভিশন) আহসানউল আলম ও বাঘারপাড়ার বন্দবিলা ইউনিয়নের চেয়ারম্যান সবদুল হোসেন খান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা আহ্ছানিয়া মিশনের নির্বাহী পরিচালক ও ডিএফইডির সেক্রেটারি জেনারেল ড. এম এহ্ছানুর রহমান। শুভেচ্ছা বক্তব্য রাখেন ডিএফইডি হেড মোঃ আসাদুজ্জামান। অনুষ্ঠান পরিচালনা করেন আহ্ছানিয়া মিশনের খুলনা বিভাগীয় ফোকাল পারসন খায়রুল ইসলাম।